
দৈনিক
ইনকিলাব

তারিখ ... 29 AUG 2013 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

# পাঠ্য বইয়ে জাতীয় কবির জন্ম ও মৃত্যু তারিখ নিয়ে বিভ্রান্তি

□ ফারুক হোসাইন

পাঠ্য পুস্তকে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্ম ও মৃত্যু তারিখ নিয়ে দেওয়া হয়েছে বিভ্রান্তিকর তথ্য। একেক শ্রেণির বইয়ে দেওয়া হয়েছে একেক তারিখ। এক বইয়ে দেওয়া তথ্যের সাথে মিল নেই অন্য বইয়ের তথ্যের। ফলে পঞ্চম থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীরা নজরুলের জন্ম ও মৃত্যু তারিখ সম্পর্কে জানছে ভিন্ন ভিন্ন তারিখ। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড থেকে প্রকাশিত ২০১২ সালের সাহিত্য কণিকা বইয়ে ৬ নং পৃষ্ঠায় কাজী নজরুলের লেখা বাঙালির বাংলা গদ্যের শেষে ৯ নং পৃষ্ঠায় লেখক-পরিচিতিতে নজরুলের জন্ম তারিখ উল্লেখ




করা হয়েছে ১৮৯৯ খ্রিষ্টাব্দের ২৪ মে এবং মৃত্যু তারিখ উল্লেখ করা হয়েছে ১৯৭৬ সালের ২৯ আগস্ট। একই বইয়ের ৮৯ নং পৃষ্ঠায় কাজী নজরুল ইসলামের নারী কবিতার শেষে ৯০ পৃষ্ঠায় কবি-পরিচিতিতে নজরুলের জন্ম তারিখ ২৪ মে ও ২৯ আগস্ট উল্লেখ করা হয়েছে। এই বইটি সংকলন, রচনা ও সম্পাদনা করেছেন প্রফেসর ড. মাহবুবুল হক, প্রফেসর নিরঞ্জন অধিকারী, প্রফেসর ড. বিশ্বজিৎ ঘোষ, প্রফেসর ড. রফিকউল্লাহ খান, প্রফেসর ড. সৈয়দ আজিজুল হক, প্রফেসর শ্যামলী আকবর, প্রফেসর ড. সৌমিত্র শেখর, ড. সরকার আবদুল মান্নান,

পৃ: ২ ক: ৪

## জাতীয় কবির

প্রথম পৃষ্ঠার পর

ড. শোয়াইব জিবরান ও শাহীন আহান আহসান। ওই একই সংকলক, রচয়িতা
ও সম্পাদক ২০১১ সালের সাহিত্য কণিকা বইটি প্রকাশ করেছে। যেটি এখনও
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের ওয়েব সাইট http://www.nctb.gov.
bd/ -এ রয়েছে সেই বইটিতে দেওয়া হয়েছে ভিন্ন তথ্য। এই বইটির ৬ নং পৃষ্ঠায়
আগের মতোই রয়েছে নজরুল ইসলামের বাঙালির বাংলা গদ্যটি। যার ৯ নং পৃষ্ঠায়
উল্লেখ করা হয়েছে কাজী নজরুল ইসলামের জন্ম ১৮৯৯ সালের ১৫ মে এবং মৃত্যু
২৯ আগস্ট। আবার ৮৯ পৃষ্ঠাতে নারী কবিতার শেষে ৯০ নং পৃষ্ঠায়ও নজরুলের
জন্ম ১৫ মে এবং মৃত্যু ২৯ আগস্ট উল্লেখ করা হয়েছে। এই লেখক ও সম্পাদকের
সম্পাদিত পৃথক দুটি বছরের বইয়ে দেওয়া হয়েছে পৃথক পৃথক তথ্য। একটিতে জন্ম
তারিখ উল্লেখ করা হয়েছে ২৪ মে অন্যটিতে ১৫ মে। এ নিয়ে শিক্ষার্থীদের মধ্যে
দেখা দিয়েছে বিভ্রান্তি। তাদের প্রশ্ন একই শ্রেণির বইয়ে যদি পৃথক পৃথক তারিখ
থাকে তাহলে কোনটিকে সত্য মনে করবো। একই অবস্থা মৃত্যু তারিখ নিয়েও।
অষ্টম শ্রেণির দুটি বইয়েই ২৯ আগস্ট উল্লেখ করা হয়েছে। তবে গত ২৭ আগস্ট
আনুষ্ঠানিকভাবে জাতীয় কবি কাজী নজরুলের মৃত্যু বার্ষিকী পালন করা হয়েছে। এ
উপলক্ষে কবির মাজার ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদের পার্শ্বেসহ সারাদেশেই
নানা কর্মসূচি পালন করা হয়েছে। অথচ বইগুলোতে লেখা রয়েছে ২৯ আগস্ট। এটি
নিয়েও শিক্ষার্থীদের মধ্যে বিভ্রান্তি দেখা দিয়েছে। গতকাল (বুধবার) অষ্টম শ্রেণির
শিক্ষার্থী সাইফুল ইসলাম বাংলা বইয়ের এই বিভ্রান্তি নিয়ে দৈনিক ইনকিলাব অফিসে
যোগাযোগ করেন। তিনি ইনকিলাবে জাতীয় কবির মৃত্যুবার্ষিকী পালন সংবাদটি
পড়ার পর তা বইয়ের সাথে মিলাতে গিয়ে বিপাকে পড়েন। বইয়ে মৃত্যু তারিখ দেওয়া
আছে ২৯ আগস্ট অথচ তা পালন করা হয়েছে ২৭ আগস্ট। পরবর্তীতে এই বিষয়টি
অনুসন্ধান করতে গিয়ে বেড়িয়ে আসে জন্ম তারিখের বিভ্রান্তিও। তবে কেবল অষ্টম
শ্রেণির বাংলা বইয়েই নয় বিভ্রান্তি রয়েছে পঞ্চম ও সপ্তম শ্রেণির বাংলা বইতেও।
৭ম শ্রেণির বাংলা বই সপ্তবর্ণার ৭৮ নং পৃষ্ঠাতে কাজী নজরুলের 'কুলি-মজুর' কবিতায়
কবি-পরিচিতিতে নজরুলের জন্ম তারিখ উল্লেখ করা হয়েছে ২৪ মে আর মৃত্যু
তারিখ সেই একই ২৯ আগস্ট। এই বইটিও সংকলন, রচনা ও সম্পাদনা করেছেন
প্রফেসর ড. মাহবুবুল হক, প্রফেসর নিরঞ্জন অধিকারী, প্রফেসর ড. বিশ্বজিৎ ঘোষ,
প্রফেসর ড. রফিকউল্লাহ খান, প্রফেসর ড. সৈয়দ আজিজুল হক, প্রফেসর শ্যামলী
আকবর, প্রফেসর ড. সৌমিত্র শেখর, ড. সরকার আবদুল মান্নান, ড. শোয়াইব
জিবরান ও শাহীন আহান আহসান।
৬ষ্ঠ শ্রেণির চারুপাঠ বইয়ের ৭০ নং পৃষ্ঠায় কাজী নজরুলের ঝিঙেফুল কবিতার শেষে
৭২ নং পৃষ্ঠায় কবি-পরিচিতিতেও জন্ম ২৪ মে এবং মৃত্যু ২৯ আগস্ট উল্লেখ করা
হয়েছে। পঞ্চম শ্রেণির আমার বাংলা বইয়ের ১৬ নং পৃষ্ঠার সংকল্প কবিতার শেষে ১৯
নং পৃষ্ঠায় কবি পরিচিতিতে নজরুল ইসলামের জন্ম তারিখ উল্লেখ করা হয়েছে ২৪ মে
এবং মৃত্যু তারিখ ২৯ আগস্ট।
অষ্টম ও সপ্তম শ্রেণির বাংলা বইয়ের অন্যতম সম্পাদনকারী এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের
বাংলা বিভাগের প্রফেসর ড. সৌমিত্র শেখরের কাছে এ বিষয়ে জানতে চাইলে
তিনি বলেন, বইগুলোর কাজ দ্রুত করতে গিয়ে কিছুটা ভুল হয়েছিলো। তবে
আমরা পরবর্তীতে ভুলগুলো চিহ্নিত করে সংশোধন কপি এনসিটিবি'র কাছে জমা
দিয়েছিলাম। এনসিটিবিকে নোটিশও করা হয়েছে এটি সংশোধনের জন্য। তারা
সংশোধন না করলে এর দায়ভার তাদের।
মৃত্যু তারিখ সম্পর্কে ড. সৌমিত্র শেখর বলেন, ১৯৭৬ সালের ২৯ আগস্ট ছিলো ১২
ভাদ্র। নজরুল যেহেতু বাঙালি কবি। তাই তার জন্ম ও মৃত্যু তারিখ ১১ জ্যৈষ্ঠ ও ১২
ভাদ্র হিসেবে পালন করা হয়। আর গত ২৭ আগস্ট ছিলো ১২ ভাদ্র। তবে প্রফেসর
সৌমিত্র শেখর ১২ ভাদ্র এবং বাংলা সনের কথা উল্লেখ করলেও পাঠ্য বইগুলোতে
উল্লেখিত কবি পরিচিতিতে মৃত্যু তারিখে কেবল ইংরেজি তারিখ ও সালটি উল্লেখ
করা হয়েছে। সেখানে বাংলা সন কিংবা ১২ ভাদ্র মৃত্যুবরণ করেছেন সে বিষয়ে
কোন উল্লেখ নেই। এছাড়া ২৯ আগস্ট ও ২৭ আগস্ট নিয়ে যে বিভ্রান্তি রয়েছে
সে বিষয়েও কোন সুস্পষ্ট বক্তব্য নেই। ড. শেখর স্বীকার করেন যে, এই বিষয়টি
সুস্পষ্ট করা উচিত। যাতে শিক্ষার্থীরা বিভ্রান্ত না হয়। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক
বোর্ডের চেয়ারম্যান প্রফেসর শফিকুর রহমান বলেন, আমাদের ওয়েব সাইট নিয়ে
কিছু জটিলতা রয়েছে। যে কোম্পানীকে কাজ দেওয়া হয়েছে তারা সংশোধন করেনি।
আগামীকাল (আজ) আমাদের মিটিং আছে সেখানে আমরা বিষয়টি নিয়ে কথা বলবো
এবং দ্রুতই অসঙ্গতিগুলো দূর করা হবে।